দৈনিক
ইনকিলাব

তারিখ ... 5 JAN 2003 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ .....

সেনা কল্যাণ সংস্থার স্কুল ও মাদ্রাসা পর্যায়ে বৃত্তির দরখাস্ত আহ্বান

আইএসপিআর ঃ সেনা কল্যাণ সংস্থা সশস্ত্র বাহিনীর প্রাক্তন/অবসরপ্রাপ্ত সদস্যদের সন্তানদের নিকট হতে স্কুল ও মাদ্রাসায় ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের ২০০৩ সালে বৃত্তি প্রদানের জন্য ৪০% ও তদূর্ধ্ব নম্বরপ্রাপ্তদের কাছ থেকে নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করেছে। বৃত্তির জন্য সকল পর্যায়ে একই পরিবারে একই সময়ে ২ জনের বেশী আবেদন করতে পারবে না। অবসরগ্রহণের পরে জন্মগ্রহণকারী সন্তানগণ বৃত্তি পাওয়ার যোগ্য নয়।

সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড এবং সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়, সেনা কল্যাণ ভবন, ১৯৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা থেকে পেনশন বা অবসরপ্রাপ্তির সনদপত্র দেখিয়ে নির্ধারিত আবেদনপত্রের ফরম সংগ্রহ করা যাবে। ২০ মার্চ ২০০৩ তারিখের মধ্যে জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে আবেদনপত্র জমা দিতে হবে। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড থেকে পূরণকৃত আবেদনপত্র ৩১ মার্চের মধ্যে সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ের কল্যাণ পরিদফতরে প্রেরণ করতে হবে। ৭ম থেকে ১০ম শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তিধারীগণ নবায়নের জন্য ৩১ মার্চের মধ্যে পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণপত্র/নম্বরপত্র স্ব স্ব শিক্ষায়তনের প্রধানের স্বাক্ষরপূর্বক সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে জমা দিলে তাদের বৃত্তি পরবর্তী বর্ষের জন্য নবায়ন করা হবে। উত্তীর্ণপত্র/নম্বরপত্র ফটোকপি হলে তা অবশ্যই শিক্ষায়তনের প্রধান দ্বারা সত্যায়িত হতে হবে। উত্তীর্ণপত্রে/নম্বরপত্রে ছাত্রছাত্রীদের নাম, বৃত্তি নম্বরসহ পিতার নাম এবং সংশ্লিষ্ট বাহিনীর নম্বর ও পদবী অবশ্যই লিপিবদ্ধ করতে হবে।